

স্মারক নং ০৫.৪১.২৬৩৮.০০০.১৪.০৫৫.২০-৪২৬


তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্রছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রতিযোগিতা ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায় খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ১) ভিডিওটি প্রস্তুত করে মেইল/গুগল ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ, ঢাকা এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে bongobondhuvideocompetition@gmail.com এই মেইলে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে। ২) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- ৩) মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে।
- ৪) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
- ৫) ভিডিও ধারণের সময় সৃষ্ট অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- ৬) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ৭) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- ৮) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ৯) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ১০) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম ও মোবাইল নম্বর দিতে হবে। এবং
- ১১) ভিডিও নির্মাণ সংক্রান্ত কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।



(মোহাম্মদ ফয়সল বিন করিম)
উপজেলা নির্বাহী অফিসার
কেরাণীগঞ্জ, ঢাকা